

তাজমহল

সাজাহান্ ! ভারতের নৃপচূড়ামণি !
কবে কোন্ শুভক্ষণে জে'গেছিল মনে—
নিখিল বিশ্বের সার সৌন্দর্য্য-চয়নে
গড়াইবে প্রেমস্মৃতি, দিবস রজনী।
যুগে যুগে নরনারী পুলকে শিহরি
গাহিবে মহিমা যা'র ;

বিশ্ববাসিজন .

আকুল আবেগভরে করিবে শ্রব
শ্রদ্ধায় নোয়াবে শির তব নাম স্মরি ।

* * * *

এ নহে মর্ম্মর শুধু পার্থিব সম্পদ,—
জীবনের প্রতিবিন্দু রক্ত করি ক্ষয়
যে মন্দির রচিয়াছ, বিরাট্ বিশ্বয়—
শুধু তা'র বাহিরের রূপ, প্রেমাস্পদ !

প্রেম তা'র উপাদান, প্রেম শুধু তা'রে
ক'রেছ অমর,—নহে মনিমুক্তাহারে ।

শ্রীফণীন্দ্রনাথ চক্রচর্টা
দ্বিতীয় বার্ষিক শ্রেণী
'ঘ' শাখা ।